Saadi also stressed the role of cross-border collaboration among civil society organisations in strengthening collective advocacy to influence climate negotiations, policies and plans, generating and consolidating evidence to inform decisions, establishing institutional mechanisms to address transboundary vulnerabilities and developing interoperable early warning systems.

He further stressed the need to improve not only the coverage but also the accessibility and usability of early warning systems, alongside mobilising financial and technological resources at scale and speed.

Manjeet Dhakal, head of the LDC Support Team and director of Climate Analytics South Asia, said Bangladesh, Bhutan and Nepal form an interconnected mountain-to-delta climate development corridor through the Himalayan range, shared water systems and the Ganges-Brahmaputra-Meghna (GBM) basin.

He argued that their interconnected risks cannot be adequately addressed through isolated country-based approaches and said BBN should instead be recognised as a functional regional adaptation hub, with vulnerability- and needs-based adaptation planning and financing.

Md. Ziaul Haque, additional director general (PRL) at Bangladesh's Department of Environment under the Ministry of Environment, Forest and Climate Change, said LDC graduation reflects development progress rather than the disappearance of climate vulnerability.

He called for stronger links between adaptation priorities and climate finance under the UN Framework Convention on Climate Change (UNFCCC), with grant-based support protected on the basis of forward-looking vulnerability and fiscal capacity.

Haque said finance must remain accessible after graduation and reach nationally identified and costed adaptation priorities on appropriate terms, supported by coordinated BBN advocacy and practical regional cooperation.

Ruchi Chaudhary, programme manager at Climate Action Network South Asia (CANSA), called for a coordinated, vulnerability-centred adaptation agenda across BBN governments and civil society organisations.

She highlighted the countries' sustained climate leadership despite acute vulnerabilities and limited resources and their potential to advance a needs- and justice-centred global adaptation narrative.

Building on the BBN Alliance's advocacy at COP28, COP29 and COP30, Chaudhary emphasised transboundary risk monitoring, early warning systems, locally led adaptation, transparent climate finance delivery and accountability to vulnerable communities.

She also stressed the need to align these priorities with low-carbon development pathways in nationally determined contributions (NDCs) and Long-Term Low-Emission Development Strategies (LT-LEDS) to secure equitable international support and resilience beyond development classifications.

The press conference identified three key policy demands for BBN countries to advance at COP31 and beyond.

The first was to prioritise vulnerability-centred adaptation by keeping adaptation central to global climate negotiations and guiding it by vulnerability, equity and human rights while recognising the differentiated yet interconnected climate risks across Bangladesh, Bhutan and Nepal.

The second was to ensure adaptation finance beyond LDC graduation through forward-looking financing arrangements guaranteeing continued access to adequate, predictable, accessible and grant-based adaptation finance. Such financing should reflect countries' actual and projected vulnerabilities, national adaptation needs and fiscal capacities.

The third was to strengthen coordinated BBN action through a common regional advocacy and negotiating agenda among Bangladesh, Bhutan and Nepal, recognising their shared transboundary climate risks and strengthening cooperation on early warning, locally led adaptation, transparent finance delivery and accountability.

The press conference concluded with a call for BBN governments, civil society organisations and international partners to work collectively towards an equitable global adaptation framework that recognises climate vulnerability beyond development classifications.

Participants emphasised that development progress must not become a barrier to accessing the finance and support necessary to build resilience and secure sustainable futures.

https://theclimatewatch.com/bangladesh-bhutan-and-nepal-call-for-fair-climate-finance-at-cop31/

কালের কণ্ঠ

কপ-৩১-এ বাংলাদেশ, ভুটান ও নেপালের যৌথ উদ্যোগ জোরদারের আহ্বান

নিজস্ব প্রতিবেদক

প্রকাশ: ১৪ নভেম্বর, ২০২৬ ২০:৩৮



জলবায়ু ঝুঁকি বিবেচনায় ন্যায্য ও অনুদানভিত্তিক অর্থায়ন নিশ্চিত করতে বাংলাদেশ, ভুটান ও নেপালের মধ্যে আঞ্চলিক সহযোগিতা জোরদারের আহ্বান জানিয়েছেন জলবায়ু বিশেষজ্ঞ ও নাগরিক সমাজের প্রতিনিধিরা। তারা বলেছেন, এলডিসি থেকে উত্তরণ মানেই জলবায়ু ঝুঁকি থেকে উত্তরণ নয়।

অর্থনৈতিক অগ্রগতি হলেও এসব দেশের জলবায়ু ঝুঁকি ও অভিযোজনের প্রয়োজনীয়তা বহাল থাকবে। তাই উন্নয়নের অগ্রগতিকে জলবায়ু অর্থায়ন বন্ধ বা সীমিত করার ভিত্তি হিসেবে বিবেচনা করা উচিত নয়।

শনিবার (১৪ নভেম্বর) তুরস্কের আন্তালিয়ায় চলমান জাতিসংঘের জলবায়ু সম্মেলন কপ-৩১-এর সম্মেলনস্থলে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব দাবি জানানো হয়।

সেন্টার ফর পার্টিসিপেটরি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট (সিপিআরডি) এবং ক্লাইমেট জাস্টিস অ্যালায়েন্স-বাংলাদেশ (সিজেএ-বি) যৌথভাবে ‘ফ্রম শেয়ারড ভালনারেবিলিটি টু রেজিলিয়েন্স ইন

বিবিএন : অ্যাডভান্সিং অ্যাডাপটেশন অ্যান্ড ফাইন্যান্স প্রাইওরিটিজ অ্যাট কপ-৩১’ শীর্ষক এ সংবাদ সম্মেলনের আয়োজন করে।

সংবাদ সম্মেলন সঞ্চালনা করেন সিপিআরডির প্রধান নির্বাহী মো. শামসুদ্দোহা। তিনি বলেন, এলডিসি থেকে উত্তরণ মানেই জলবায়ু ঝুঁকি থেকে উত্তরণ নয়। তাই বাংলাদেশের পাশাপাশি ভুটান ও নেপালের প্রকৃত জলবায়ু ঝুঁকি ও অভিযোজনের প্রয়োজন বিবেচনায় আন্তর্জাতিক অর্থায়নের সুযোগ অব্যাহত রাখতে হবে।

সংবাদ সম্মেলনে মূল প্রবন্ধ উপস্থাপন করেন সিপিআরডির প্রোগ্রাম ম্যানেজার-রিসার্চ অ্যান্ড অ্যাডভোকেসি শেখ নুর আতায়া রাবি।

তিনি বলেন, কপ-৩১-এ বাংলাদেশ, ভুটান ও নেপালের সমন্বিত অভিযোজন ও জলবায়ু অর্থায়নসংক্রান্ত অবস্থান তুলে ধরা জরুরি। দেশগুলোর নিজস্ব ঝুঁকি ও প্রয়োজনের পাশাপাশি অভিন্ন ঝুঁকিগুলোও আন্তর্জাতিক আলোচনায় যথাযথভাবে উপস্থাপন করতে হবে। এ জন্য সরকার ও নাগরিক সমাজের মধ্যে সমন্বয় বাড়ানো প্রয়োজন।

অর্থ মন্ত্রণালয়ের অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) যুগ্ম সচিব ড. শাহ আবদুল সাদী বলেন, জলবায়ু পরিবর্তনের কারণে আবহাওয়াজনিত দুর্যোগ দিন দিন আরো ঘন ঘন, তীব্র, দীর্ঘস্থায়ী ও অনিশ্চিত হয়ে উঠছে। এসব দুর্যোগের প্রভাব অনেক সময় দেশের সীমানা ছাড়িয়ে গঙ্গা, ব্রহ্মপুত্র ও মেঘনা অববাহিকার দেশগুলোতেও ছড়িয়ে পড়ে।

তিনি বলেন, জলবায়ু ঝুঁকিতে থাকা অনেক এলাকা ও জনগোষ্ঠী এখনো প্রয়োজনীয় মনোযোগ ও সহায়তা পাচ্ছে না। ঝুঁকি চিহ্নিত করা, প্রয়োজন নিরূপণ, দায়িত্ব নির্ধারণ এবং সম্পদ বরাদ্দেও ঘাটতি রয়েছে। এ পরিস্থিতিতে আন্তদেশীয় নাগরিক সমাজের যৌথ উদ্যোগ জলবায়ু আলোচনা, নীতিনির্ধারণ ও পরিকল্পনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। পাশাপাশি কার্যকর আগাম সতর্কীকরণ ব্যবস্থা চালু এবং ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর কাছে সময়মতো তথ্য পৌঁছানো নিশ্চিত করতে হবে।

ক্লাইমেট অ্যানালিটিকস সাউথ এশিয়ার পরিচালক মণিত লাকাল বলেন, বাংলাদেশ, ভুটান ও নেপাল একটি অভিন্ন পাহাড়-দ্বীপ জলবায়ু অঞ্চলের অংশ। দেশগুলোর জলবায়ু ঝুঁকির ধরন আলাদা হলেও সেগুলো পরস্পর সম্পর্কিত। তাই বিবিএন অঞ্চলকে সমন্বিত আঞ্চলিক অভিযোজন কেন্দ্র হিসেবে গড়ে তোলার উদ্যোগ নিতে হবে।

পরিবেশ অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক (পিআরএল) মো. জিয়াউল হক বলেন, এলডিসি থেকে উত্তরণ একটি দেশের উন্নয়নের অগ্রগতি নির্দেশ করে, জলবায়ু ঝুঁকির অবসান নয়। তাই জাতিসংঘের জলবায়ু পরিবর্তনবিষয়ক কাঠামো সনদের (ইউএনএফসিসিসি) প্রক্রিয়ায় অভিযোজনের অগ্রাধিকার ও জলবায়ু অর্থায়নের মধ্যে কার্যকর সংযোগ স্থাপন করতে হবে।

ভবিষ্যতের জলবায়ু ঝুঁকি ও দেশের আর্থিক সক্ষমতা বিবেচনায় অনুদানভিত্তিক অর্থায়ন অব্যাহত রাখা জরুরি।

ক্লাইমেট অ্যাকশন নেটওয়ার্ক সাউথ এশিয়ার (ক্যানসা) প্রোগ্রাম ম্যানেজার রুচি চৌধুরী বলেন, তীব্র জলবায়ু ঝুঁকি ও সীমিত সম্পদের মধ্যেও বাংলাদেশ, ভুটান ও নেপাল জলবায়ু মোকাবেলায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। দেশগুলোর সরকার ও নাগরিক সমাজকে সমন্বিতভাবে অভিযোজন কার্যক্রম এগিয়ে নিতে হবে। পাশাপাশি আন্তসীমান্ত জলবায়ু ঝুঁকি পর্যবেক্ষণ, আগাম সতর্কীকরণ, স্থানীয় পর্যায়ে অভিযোজন এবং জলবায়ু অর্থায়নে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করতে হবে।

সংবাদ সম্মেলনে কপ৩১ ও পরবর্তী সময়ের জন্য তিনটি প্রধান দাবি তুলে ধরা হয়। এগুলো হলো, জলবায়ু ঝুঁকি বিবেচনায় অভিযোজনকে বৈশ্বিক আলোচনার অন্যতম প্রধান অগ্রাধিকার করা; এলডিসি উত্তরণের পরও পর্যাপ্ত, পূর্বানুমানযোগ্য, সহজলভ্য ও অনুদানভিত্তিক অভিযোজন অর্থায়ন অব্যাহত রাখা এবং বাংলাদেশ, ভুটান ও নেপালের মধ্যে আঞ্চলিক সহযোগিতা জোরদার করা।

https://www.kalerkantho.com/online/national/2026/11/14/1767583

সমকাল

এলডিসি উত্তরণের পরও বাংলাদেশের জন্য জলবায়ু অর্থায়ন অব্যাহত রাখার দাবি



জাহিদুর রহমান, আনতালিয়া (তুরস্ক) থেকে

প্রকাশ: ১৪ নভেম্বর ২০২৬ | ২১:০০

স্বল্পোন্নত দেশের (এলডিসি) তালিকা থেকে বেরিয়ে গেলেও জলবায়ু পরিবর্তনের ঝুঁকি কমবে না বাংলাদেশের। তাই এলডিসি উত্তরণের পরও বাংলাদেশের জন্য আন্তর্জাতিক জলবায়ু অর্থায়ন অব্যাহত রাখার দাবি জানিয়েছেন বিশেষজ্ঞ ও নাগরিক সমাজের প্রতিনিধিরা। একই সঙ্গে জলবায়ু ঝুঁকি বিবেচনায় ঋণের পরিবর্তে সহজ শর্তে ও অনুদানভিত্তিক অর্থায়ন নিশ্চিত করার আহ্বান জানিয়েছেন তারা।

তাদের মতে, বাংলাদেশ, ভুটান ও নেপালের ভৌগোলিক ও আর্থসামাজিক অবস্থান ভিন্ন হলেও জলবায়ু পরিবর্তনের কারণে তিন দেশ পরস্পরসম্পর্কিত ঝুঁকির মুখে রয়েছে। হিমালয়ের হিমবাহ গলে যাওয়া, মৌসুমি বৃষ্টিপাতের ধরনে পরিবর্তন, আন্তসীমান্ত নদীর পানিপ্রবাহ, চরম আবহাওয়া, সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি ও লবণাক্ততার প্রভাব কোনো একটি দেশের মধ্যে সীমাবদ্ধ থাকছে না। এসব ঝুঁকি মোকাবিলায় আঞ্চলিক সহযোগিতার পাশাপাশি আন্তর্জাতিক অর্থায়ন প্রয়োজন।

শনিবার তুরস্কের আনতালিয়ায় জাতিসংঘের জলবায়ু সম্মেলন কপ-৩১-এর ভেন্যুতে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব দাবি জানানো হয়। ‘ফ্রম শেয়ারড ভালনারেবিলিটি টু রেজিলিয়েন্স ইন

বিবিএন: অ্যাডভান্সিং অ্যাডাপটেশন অ্যান্ড ফাইন্যান্স প্রাইওরিটিজ অ্যাট কপ-৩১’ শীর্ষক এ সংবাদ সম্মেলনের আয়োজন করে সেন্টার ফর পার্টিসিপেটরি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট (সিপিআরডি) ও ক্লাইমেট জাস্টিস অ্যালায়েন্স-বাংলাদেশ।

সংবাদ সম্মেলনে সভাপতিত্ব ও সঞ্চালনা করেন সিপিআরডির প্রধান নির্বাহী মো. শামসুদ্দোহা। তিনি বলেন, এলডিসি থেকে উত্তরণ মানে জলবায়ু ঝুঁকি থেকে উত্তরণ নয়। এলডিসি তালিকা থেকে বেরিয়ে গেলে আন্তর্জাতিক অর্থায়নের কিছু সুযোগ সীমিত হয়ে আসতে পারে। এতে অভিযোজন কার্যক্রম চালিয়ে যাওয়ার ক্ষেত্রে দেশগুলো চাপে পড়বে।

শামসুদ্দোহা বলেন, এলডিসি মর্যাদা থেকে উত্তরণ মানে জলবায়ু ঝুঁকি থেকে উত্তরণ নয়। এলডিসি থেকে বেরিয়ে গেলে অর্থায়নের সুযোগ সীমিত হবে। আমাদের মূল উদ্বেগ হলো, এলডিসি থেকে উত্তরণের পরও দেশগুলোর অভিযোজন কার্যক্রমে সহায়তা অব্যাহত রাখতে হবে।

এলডিসি সাপোর্ট টিমের প্রধান ও ক্লাইমেট অ্যানালিটিকস সাউথ এশিয়ার পরিচালক মনজিৎ ধকল বলেন, হিমালয়, অভিন্ন পানিব্যবস্থা ও নদী অববাহিকার কারণে বাংলাদেশ, ভুটান ও নেপাল একটি আন্তসংযুক্ত জলবায়ু অঞ্চলের অংশ। একটি দেশে ঘটে যাওয়া ঘটনা অন্য দেশকেও প্রভাবিত করে। তাই জলবায়ু পরিবর্তন মোকাবিলায় তিন দেশের একসঙ্গে কাজ করা জরুরি।

তিনি বলেন, জলবায়ু অভিযোজনের ক্ষেত্রে বাংলাদেশ বিশ্বের জন্য একটি শিক্ষণীয় উদাহরণ। বন সংরক্ষণ ও নিট শূন্য নিঃসরণ অর্জনের ক্ষেত্রেও এ অঞ্চলের অভিজ্ঞতা থেকে অন্য দেশগুলো শিখতে পারে।

সংবাদ সম্মেলনে মূল প্রবন্ধ উপস্থাপন করেন সিপিআরডির গবেষণা ও অ্যাডভোকেসি কর্মসূচির ব্যবস্থাপক শেখ নূর আতায়া রাব্বি। তিনি কপ-৩১-এ বাংলাদেশ, ভুটান ও নেপালের জন্য সমন্বিত অভিযোজন ও জলবায়ু অর্থায়নবিষয়ক কর্মসূচি এগিয়ে নেওয়ার ওপর গুরুত্ব দেন।

অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) যুগ্ম সচিব শাহ আবদুল সাদী বলেন, জলবায়ু পরিবর্তনের কারণে আবহাওয়াসংক্রান্ত দুর্যোগের ঘটনা আরও ঘন ঘন ঘটছে। এসব দুর্যোগের তীব্রতা, স্থায়িত্ব ও অনিশ্চয়তাও বাড়ছে। এ পরিস্থিতিতে নাগরিক সমাজের সংগঠনগুলোকে দেশের সীমানা ছাড়িয়ে যৌথভাবে কাজ করতে হবে।

তিনি বলেন, তিন দেশের ঝুঁকি অভিন্ন, তাই দায়িত্বও ভাগাভাগি করে নিতে হবে। সহজ শর্তে অর্থায়নের সুযোগ সীমিত হয়ে আসবে। অন্যদিকে ঋণ পরিশোধের চাপও বাজেটের ওপর প্রভাব ফেলছে। সম্পদ কীভাবে বরাদ্দ করা হবে, তা প্রভাবিত করতে নাগরিক সমাজের সংগঠনগুলোকে সম্মিলিতভাবে কাজ করতে হবে।

পরিবেশ অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক (পিআরএল) মো. জিয়াউল হক বলেন, এলডিসি উত্তরণ বাংলাদেশের উন্নয়নের অগ্রগতির প্রতিফলন। কিন্তু এর অর্থ এই নয় যে জলবায়ু

পরিবর্তনের ঝুঁকি কমে গেছে। দেশের বর্তমান ও ভবিষ্যৎ ঝুঁকি এবং আর্থিক সক্ষমতা বিবেচনায় অভিযোজন কার্যক্রমের জন্য অনুদানভিত্তিক অর্থায়ন অব্যাহত রাখতে হবে।

তিনি বলেন, ২০২৪ সালে বাংলাদেশ এ ধরনের আঞ্চলিক জোট গঠনের প্রস্তাব দিয়েছিল। গত দুই বছরে তিন দেশ যৌথভাবে বিভিন্ন প্রস্তাবও দিয়েছে। উজানের কোনো দেশে দুর্যোগ হলে তার সরাসরি প্রভাব ভাটির দেশ বাংলাদেশের ওপর পড়তে পারে। ক্ষয়ক্ষতি মোকাবিলা ও অভিযোজন সক্ষমতা বাড়াতে এ উদ্যোগে আন্তর্জাতিক সহায়তা বাড়ানো প্রয়োজন।

ক্লাইমেট অ্যাকশন নেটওয়ার্ক সাউথ এশিয়ার কর্মসূচি ব্যবস্থাপক রুচি চৌধুরী বলেন, এলডিসি থেকে উত্তরণের পরও দেশগুলোর জলবায়ু ঝুঁকি থেকে যায়। ভুটানে হিমবাহ গলছে, নেপালে আবহাওয়া অনিশ্চিত হয়ে উঠছে এবং বাংলাদেশে ঘূর্ণিঝড় মানুষের জীবন ও জীবিকার জন্য হুমকি তৈরি করছে। অথচ এলডিসি উত্তরণের ফলে সহজ শর্তে অর্থায়নের সুযোগ কমে যেতে পারে।

তিনি বলেন, উন্নত দেশগুলোকে পর্যাপ্ত, পূর্বানুমানযোগ্য ও অনুদানভিত্তিক অভিযোজন অর্থায়ন দিতে হবে। কোনো দেশের মোট দেশজ উৎপাদন (জিডিপি) বা এলডিসি পরিচয় দিয়ে তার জলবায়ু ঝুঁকি এবং মানুষের সুরক্ষায় প্রয়োজনীয় অর্থের পরিমাণ নির্ধারণ করা যায় না। অর্থায়ন স্থানীয় সরকার ও ঝুঁকিতে থাকা জনগোষ্ঠীর কাছে পৌঁছানোও নিশ্চিত করতে হবে।

রুচি চৌধুরী আরও বলেন, জলবায়ু ন্যায়বিচারের কোনো মেয়াদোত্তীর্ণ তারিখ থাকতে পারে না। বাংলাদেশ, ভুটান ও নেপাল দয়া নয়, ন্যায্যতা ও প্রয়োজনীয় সম্পদ চাইছে।

সংবাদ সম্মেলনে তিনটি বিষয়ে বিশেষ গুরুত্ব দেওয়া হয়। এগুলো হলো—জলবায়ু অভিযোজনের ক্ষেত্রে দেশের প্রকৃত ঝুঁকি, ন্যায্যতা ও মানবাধিকারের বিষয়গুলোকে অগ্রাধিকার দেওয়া; এলডিসি উত্তরণের পরও পর্যাপ্ত, পূর্বানুমানযোগ্য ও অনুদানভিত্তিক জলবায়ু অর্থায়ন নিশ্চিত করা এবং বাংলাদেশ, ভুটান ও নেপালের মধ্যে আগাম সতর্কীকরণ ব্যবস্থা, স্থানীয় পর্যায়ে অভিযোজন ও অর্থায়নের স্বচ্ছতা নিশ্চিত করতে সমন্বিত উদ্যোগ জোরদার করা।

https://samakal.com/international/article/383123/%E0%A6%8F%E0%A6%B2%E0%A6%A1%E0%A6%BF%E0%A6%B8%E0%A6%BF-%E0%A6%89%E0%A6%A4%E0%A7%8D%E0%A6%A4%E0%A6%B0%E0%A6%A3%E0%A7%87%E0%A6%B0-%E0%A6%AA%E0%A6%B0%E0%A6%93-%E0%A6%AC%E0%A6%BE%E0%A6%B2%E0%A6%BE%E0%A6%A6%E0%A7%87%E0%A6%B6%E0%A7%87%E0%A6%B0-%E0%A6%9C%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%AF-%E0%A6%9C%E0%A6%B2%E0%A6%AC%E0%A6%BE%E0%A7%9F%E0%A7%81-%E0%A6%85%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%A5%E0%A6%BE%E0%A7%9F%E0%A6%A8-%E0%A6%85%E0%A6%AC%E0%A7%8D%E0%A6%AF%E0%A6%BE%E0%A6%B9%E0%A6%A4-%E0%A6%B0%E0%A6%BE%E0%A6%96%E0%A6%BE%E0%A6%B0-%E0%A6%A6%E0%A6%BE%E0%A6%AC%E0%A6%BF

The Editors
A Multimedia News portal

এলডিসি উত্তরণের পরও জলবায়ু অর্থায়ন অব্যাহত রাখার আহ্বান বাংলাদেশ, ভুটান ও নেপালের



ডেস্ক রিপোর্ট: বাংলাদেশ, ভুটান ও নেপালের (বিবিএন) অভিন্ন জলবায়ু ঝুঁকি মোকাবিলা এবং এলডিসি (স্বল্পোন্নত দেশ) থেকে উত্তরণের পরও প্রয়োজনীয় জলবায়ু অর্থায়ন নিশ্চিত করার আহ্বান জানানো হয়েছে।

শনিবার (১৪ নভেম্বর) তুরস্কের আন্তালিয়ায় চলমান জাতিসংঘ জলবায়ু সম্মেলন কপ৩১-এর সম্মেলনস্থলে আয়োজিত এক সংবাদ সম্মেলনে বক্তারা এ আহ্বান জানান।

আবহাওয়াজানুন

সেন্টার ফর পার্টিসিপেটরি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট (সিপিআরডি) এবং ক্লাইমেট জাস্টিস অ্যালায়েন্স-বাংলাদেশ (সিজেএ-বি) আয়োজিত সংবাদ সম্মেলনের শিরোনাম ছিল “From Shared Vulnerability to Resilience in BBN: Advancing Adaptation and Finance Priorities at COP31”।

এতে বাংলাদেশ, ভুটান ও নেপালের প্রতিনিধিসহ জলবায়ু বিশেষজ্ঞ, নীতিনির্ধারক এবং নাগরিক সমাজের প্রতিনিধিরা অংশ নেন।

সংবাদ সম্মেলনে বক্তারা বলেন, ভৌগোলিক ও আর্থসামাজিক অবস্থানের ভিন্নতা থাকলেও বাংলাদেশ, ভুটান ও নেপাল একটি অভিন্ন জলবায়ুব্যবস্থার সঙ্গে যুক্ত। হিমালয়ের হিমবাহ গলে যাওয়া, মৌসুমি বৃষ্টিপাতের ধরনে পরিবর্তন, আন্তঃসীমান্ত নদীর পানিপ্রবাহ, চরম আবহাওয়াজনিত দুর্যোগ, সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি এবং লবণাক্ততার বিস্তার-এসব কারণে দেশ তিনটি নানা ধরনের জলবায়ু ঝুঁকির মুখোমুখি হচ্ছে। এসব ঝুঁকি মোকাবিলায় বিচ্ছিন্ন দেশভিত্তিক উদ্যোগের পরিবর্তে সমন্বিত আঞ্চলিক সহযোগিতা এবং জলবায়ু ঝুঁকি ও প্রয়োজনের ভিত্তিতে অভিযোজন কার্যক্রম গ্রহণ জরুরি।

আবহাওয়াজানুন

সংবাদ সম্মেলনে সঞ্চালকের দায়িত্ব পালন করেন সিপিআরডির প্রধান নির্বাহী মো. শামসুদ্দোহা। তিনি বলেন, এলডিসি থেকে উত্তরণ মানেই জলবায়ু ঝুঁকি থেকে উত্তরণ নয়। অর্থনৈতিক অগ্রগতি সত্ত্বেও বাংলাদেশ, ভুটান ও নেপালের জলবায়ু ঝুঁকি এবং অভিযোজনের প্রয়োজন বহাল রয়েছে। তাই উন্নয়নশ্রেণির পরিবর্তনকে জলবায়ু অর্থায়ন বন্ধ বা সীমিত করার ভিত্তি হিসেবে বিবেচনা করা উচিত নয়। এলডিসি উত্তরণের পরও দেশগুলোর প্রকৃত জলবায়ু ঝুঁকি ও প্রয়োজন বিবেচনায় আন্তর্জাতিক অর্থায়ন পাওয়ার সুযোগ অব্যাহত রাখতে হবে।

মূল প্রবন্ধ উপস্থাপন করেন সিপিআরডির প্রোগ্রাম ম্যানেজার-রিসার্চ অ্যান্ড অ্যাডভোকেসি শেখ নুর আতায়া রাব্বি। তিনি কপ৩১-এ বাংলাদেশ, ভুটান ও নেপালের জন্য সমন্বিত অভিযোজন ও জলবায়ু অর্থায়নবিষয়ক অবস্থান তুলে ধরার ওপর গুরুত্ব দেন। তিনি বলেন, দেশগুলোর নিজস্ব জলবায়ু ঝুঁকি ও প্রয়োজনের পাশাপাশি অভিন্ন ঝুঁকিগুলোও আন্তর্জাতিক আলোচনায় যথাযথভাবে তুলে ধরতে হবে। এ জন্য সরকার ও নাগরিক সমাজের মধ্যে সমন্বয় বাড়ানো এবং জলবায়ু ঝুঁকি ও অভিযোজনের প্রকৃত চাহিদার ভিত্তিতে অর্থায়ন নিশ্চিত করা প্রয়োজন।

আবহাওয়াজানুন

অর্থ মন্ত্রণালয়ের অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) যুগ্মসচিব ড. শাহ আবদুল সাদী বলেন, জলবায়ু পরিবর্তনের কারণে আবহাওয়াজনিত দুর্যোগ দিন দিন আরও ঘন ঘন, তীব্র, দীর্ঘস্থায়ী ও অনিশ্চিত হয়ে উঠছে। এসব দুর্যোগের প্রভাব অনেক সময় দেশের সীমানা ছাড়িয়ে গঙ্গা, ব্রহ্মপুত্র ও মেঘনা (জিবিএম) অববাহিকাভুক্ত দেশগুলোতেও ছড়িয়ে পড়ছে। তিনি বলেন, জলবায়ু ঝুঁকিতে থাকা অনেক এলাকা ও জনগোষ্ঠী এখনো যথাযথ মনোযোগ ও সহায়তা পাচ্ছে না। এসব এলাকার ঝুঁকি চিহ্নিত করা, প্রয়োজন নিরূপণ, দায়িত্ব নির্ধারণ এবং প্রয়োজনীয় সম্পদ বরাদ্দের ক্ষেত্রেও ঘাটতি রয়েছে। এ পরিস্থিতিতে আন্তঃদেশীয় নাগরিক সমাজ সংগঠনগুলোর (সিএসও) যৌথ উদ্যোগ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। তাদের সম্মিলিত প্রচেষ্টা জলবায়ু আলোচনা, নীতি ও পরিকল্পনায় প্রভাব রাখতে এবং সিদ্ধান্ত গ্রহণের জন্য প্রয়োজনীয় তথ্য ও প্রমাণ সংগ্রহে সহায়তা করবে। একই সঙ্গে আন্তঃসীমান্ত জলবায়ু ঝুঁকি মোকাবিলায় কার্যকর প্রাতিষ্ঠানিক ব্যবস্থা গড়ে তোলা, সমন্বিত আগাম সতর্কীকরণ ব্যবস্থা চালু করা এবং এসব ব্যবস্থার তথ্য সাধারণ মানুষের

কাছে সহজলভ্য ও ব্যবহারযোগ্য করা প্রয়োজন। তিনি আরও বলেন, শুধু আগাম সতর্কবার্তার আওতা বাড়ালেই হবে না, ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠী যেন সময়মতো এসব তথ্য পায় এবং কাজে লাগাতে পারে, তা নিশ্চিত করতে হবে। এ জন্য প্রয়োজনীয় অর্থায়ন ও প্রযুক্তিগত সহায়তা দ্রুত এবং পর্যাপ্ত পরিসরে নিশ্চিত করা জরুরি।

আবহাওয়াজানুন

ক্লাইমেট অ্যানালিটিকস সাউথ এশিয়ার পরিচালক এবং এলডিসি সাপোর্ট টিমের প্রধান মঞ্জিত ধাকাল বলেন, হিমালয় পর্বতমালা, অভিন্ন পানিসম্পদ এবং গঙ্গা-ব্রহ্মপুত্র-মেঘনা (জিবিএম) অববাহিকার কারণে বাংলাদেশ, ভুটান ও নেপাল একটি অভিন্ন পাহাড়-বদ্বীপ জলবায়ু অঞ্চলের অংশ। দেশ তিনটির জলবায়ু ঝুঁকির ধরন ভিন্ন হলেও সেগুলো পরস্পরের সঙ্গে সম্পর্কিত। তাই শুধু পৃথক দেশভিত্তিক উদ্যোগের মাধ্যমে এসব ঝুঁকি যথাযথভাবে মোকাবিলা করা সম্ভব নয়। তিনি বিবিএন অঞ্চলকে একটি সমন্বিত আঞ্চলিক অভিযোজন কেন্দ্র হিসেবে গড়ে তোলার আহ্বান জানান। এ ক্ষেত্রে দেশগুলোর নিজস্ব ঝুঁকি, বাস্তবতা ও প্রয়োজন বিবেচনায় নিয়ে অভিযোজন পরিকল্পনা এবং অর্থায়ন নিশ্চিত করতে হবে।

পরিবেশ অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক (পিআরএল) মো. জিয়াউল হক বলেন, এলডিসি থেকে উত্তরণ একটি দেশের উন্নয়নের অগ্রগতি নির্দেশ করে, জলবায়ু ঝুঁকির অবসান নয়। তাই ইউএনএফসিসিসি প্রক্রিয়ায় অভিযোজনের অগ্রাধিকার ও জলবায়ু অর্থায়নের মধ্যে কার্যকর সংযোগ স্থাপন করতে হবে। ভবিষ্যতের জলবায়ু ঝুঁকি ও দেশের আর্থিক সক্ষমতা বিবেচনায় অনুদানভিত্তিক অর্থায়ন অব্যাহত রাখা জরুরি। এলডিসি উত্তরণের পরও অর্থায়ন পাওয়ার সুযোগ বজায় রাখতে হবে এবং জাতীয়ভাবে চিহ্নিত ও ব্যয় নিরূপিত অভিযোজন কার্যক্রমে প্রয়োজনীয় অর্থায়ন নিশ্চিত করতে হবে। পাশাপাশি বিবিএন দেশগুলোর সরকার ও নাগরিক সমাজের মধ্যে সমন্বিত উদ্যোগ এবং আঞ্চলিক সহযোগিতা জোরদারের ওপর তিনি গুরুত্ব দেন।

আবহাওয়াজানুন

ক্লাইমেট অ্যাকশন নেটওয়ার্ক সাউথ এশিয়ার (ক্যানসা) প্রোগ্রাম ম্যানেজার রুচি চৌধুরী বলেন, তীব্র জলবায়ু ঝুঁকি সম্পদের মধ্যেও বাংলাদেশ, ভুটান ও নেপাল জলবায়ু মোকাবিলায় গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। দেশ তিনটি নাগরিক সমাজকে সমন্বিতভাবে জলবায়ু অভিযোজনের কর্মসূচি এগিয়ে নিতে হবে। কপ২৮, কপ২৯ ও কপ৩০-৬ অ্যালায়েন্সের ধারাবাহিক উদ্যোগের কথা উল্লেখ করে তিনি আন্তঃসীমান্ত জলবায়ু ঝুঁকি পর্যবেক্ষণ, আগাম সতর্কীকরণ ব্যবস্থা, স্থানীয় পর্যায়ে অভিযোজন, জলবায়ু অর্থায়নের স্বচ্ছতা এবং ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর কাছে জবাবদিহি নিশ্চিত করার ওপর গুরুত্ব দেন। তিনি আরও বলেন, এসব উদ্যোগকে জাতীয়ভাবে নির্ধারিত অবদানপত্র (এনডিসি) এবং দীর্ঘমেয়াদি নিম্ন-নিঃসরণ উন্নয়ন কৌশলের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ করতে হবে। এর মাধ্যমে দেশগুলো ন্যায্য আন্তর্জাতিক সহায়তা পাওয়ার পাশাপাশি দীর্ঘমেয়াদে জলবায়ু সহনশীলতা গড়ে তুলতে পারবে।

সংবাদ সম্মেলনে কপ৩১ ও পরবর্তী সময়ে বিবিএন দেশগুলোর জন্য তিনটি গুরুত্বপূর্ণ নীতিগত দাবি তুলে ধরা হয়। এগুলো হলো- বৈশ্বিক জলবায়ু আলোচনায় অভিযোজনকে অন্যতম প্রধান অগ্রাধিকার হিসেবে প্রতিষ্ঠা করতে হবে। এ ক্ষেত্রে জলবায়ু ঝুঁকি, ন্যায্যতা ও মানবাধিকারের বিষয়গুলো বিবেচনায় নিয়ে বাংলাদেশ, ভুটান ও নেপালের স্বতন্ত্র এবং অভিন্ন জলবায়ু ঝুঁকি মোকাবিলায় আঞ্চলিক উদ্যোগ জোরদার করতে হবে।

আবহাওয়াজানুন

এলডিসি উত্তরণ নির্বিশেষে জলবায়ু ঝুঁকিপূর্ণ দেশগুলোর জন্য পর্যাপ্ত, পূর্বানুমানযোগ্য, সহজলভ্য ও অনুদানভিত্তিক অভিযোজন অর্থায়ন অব্যাহত রাখতে হবে। এ ক্ষেত্রে দেশগুলোর বর্তমান ও ভবিষ্যৎ জলবায়ু ঝুঁকি, জাতীয় অভিযোজন চাহিদা এবং আর্থিক সক্ষমতা বিবেচনায় নিতে হবে।

বাংলাদেশ, ভুটান ও নেপালের মধ্যে অভিন্ন আঞ্চলিক অবস্থান তৈরি এবং যৌথ উদ্যোগ জোরদার করতে হবে। পাশাপাশি আন্তঃসীমান্ত জলবায়ু ঝুঁকি মোকাবিলা, আগাম সতর্কীকরণ ব্যবস্থা, স্থানীয় পর্যায়ে অভিযোজন, স্বচ্ছ অর্থায়ন এবং ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর কাছে জবাবদিহি নিশ্চিত করতে পারস্পরিক সহযোগিতা বাড়াতে হবে।

সংবাদ সম্মেলনে বক্তারা বলেন, একটি দেশের উন্নয়নশ্রেণির পরিবর্তনের চেয়ে তার প্রকৃত ও ভবিষ্যৎ জলবায়ু ঝুঁকি এবং অভিযোজনের প্রয়োজনকে বেশি গুরুত্ব দেওয়া উচিত। জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় প্রয়োজনীয় অর্থায়ন ও সহায়তা নিশ্চিত করতে বাংলাদেশ, ভুটান ও নেপালের সরকার, নাগরিক সমাজ এবং আন্তর্জাতিক অংশীদারদের সম্মিলিতভাবে কাজ করতে হবে। উন্নয়নের অগ্রগতি যেন জলবায়ু অর্থায়ন পাওয়ার ক্ষেত্রে বাধা হয়ে না দাঁড়ায়, তা নিশ্চিত করার আহ্বান জানান তাঁরা।

https://theeditors.net/?p=99103

অন্যায়ের বিরুদ্ধে সাহসী মুখপাত্র
তালাশ বিডি

কপ-৩১-এ বাংলাদেশ, ভুটান ও নেপালের সহযোগিতা জোরদারের আহ্বান

শনিবার, ১৪ই নভেম্বর, ২০২৬ ইং

০৯:৩৮ পি.এম



জলবায়ু ঝুঁকি বিবেচনায় ন্যায্য ও অনুদানভিত্তিক অর্থায়ন নিশ্চিত করার জন্য বাংলাদেশ, ভুটান ও নেপালের মধ্যে আঞ্চলিক সহযোগিতা জোরদারের আহ্বান জানিয়েছেন জলবায়ু বিশেষজ্ঞ ও নাগরিক সমাজের প্রতিনিধিরা। তারা উল্লেখ করেছেন, এলডিসি থেকে উত্তরণ মানেই জলবায়ু ঝুঁকি থেকে উত্তরণ নয়। অর্থনৈতিক অগ্রগতি ঘটলেও, এসব দেশের জলবায়ু ঝুঁকি এবং অভিযোজনের প্রয়োজনীয়তা অব্যাহত থাকবে। তাই উন্নয়নের অগ্রগতিকে জলবায়ু অর্থায়ন বন্ধ বা সীমিত করার ভিত্তি হিসেবে বিবেচনা করা উচিত নয়।

বাংলাদেশ ভ্রমণ

শনিবার (১৪ নভেম্বর) তুরস্কের আন্তালিয়ায় চলমান জাতিসংঘের জলবায়ু সম্মেলন কপ-৩১-এর সম্মেলনস্থলে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব দাবি জানানো হয়।

সংবাদ পড়ুন

সেন্টার ফর পার্টিসিপেটরি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট (সিপিআরডি) এবং ক্লাইমেট জাস্টিস অ্যালায়েন্স-বাংলাদেশ (সিজেএ-বি) যৌথভাবে 'ফ্রম শেয়ারড ভালনারেবিলিটি টু রেজিলিয়েন্স ইন বিবিএন : অ্যাডভান্সিং অ্যাডাপটেশন অ্যান্ড ফাইন্যান্স প্রাইওরিটিজ অ্যাট কপ-৩১' শীর্ষক সংবাদ সম্মেলনের আয়োজন করে। সংবাদ সম্মেলনটি সঞ্চালনা করেন সিপিআরডির প্রধান নির্বাহী মো. শামসুদ্দোহা। তিনি বলেন, এলডিসি থেকে উত্তরণ মানেই জলবায়ু ঝুঁকি থেকে উত্তরণ নয়। তাই বাংলাদেশের পাশাপাশি ভুটান ও নেপালের প্রকৃত জলবায়ু ঝুঁকি এবং অভিযোজনের প্রয়োজন বিবেচনায় আন্তর্জাতিক অর্থায়নের সুযোগ অব্যাহত রাখতে হবে।

সংবাদ সম্মেলনে মূল প্রবন্ধ উপস্থাপন করেন সিপিআরডির প্রোগ্রাম ম্যানেজার-রিসার্চ অ্যান্ড অ্যাডভোকেসি শেখ নুর আতায়া রাবি। তিনি বলেন, কপ-৩১-এ বাংলাদেশ, ভুটান ও নেপালের সমন্বিত অভিযোজন এবং জলবায়ু অর্থায়নসংক্রান্ত অবস্থান তুলে ধরা জরুরি। দেশগুলোর নিজস্ব ঝুঁকি এবং প্রয়োজনের পাশাপাশি অভিন্ন ঝুঁকিগুলোও আন্তর্জাতিক আলোচনায় যথাযথভাবে উপস্থাপন করতে হবে। এ জন্য সরকারের এবং নাগরিক সমাজের মধ্যে সমন্বয় বাড়ানো প্রয়োজন।

বাংলাদেশ ভ্রমণ

অর্থ মন্ত্রণালয়ের অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) যুগ্ম সচিব ড. শাহ আবদুল সাদী বলেন, জলবায়ু পরিবর্তনের কারণে আবহাওয়াজনিত দুর্যোগ দিন দিন আরো ঘন ঘন, তীব্র, দীর্ঘস্থায়ী এবং অনিশ্চিত হয়ে উঠছে। এসব দুর্যোগের প্রভাব অনেক সময় দেশের সীমানা ছাড়িয়ে গঙ্গা, ব্রহ্মপুত্র এবং মেঘনা অববাহিকার দেশগুলোতেও ছড়িয়ে পড়ে। তিনি বলেন, জলবায়ু ঝুঁকিতে থাকা অনেক এলাকা এবং জনগোষ্ঠী এখনো প্রয়োজনীয় মনোযোগ এবং সহায়তা পাচ্ছে না। ঝুঁকি চিহ্নিত করা, প্রয়োজন নিরূপণ, দায়িত্ব নির্ধারণ এবং সম্পদ বরাদ্দেও ঘাটতি রয়েছে। এ পরিস্থিতিতে আন্তদেশীয় নাগরিক সমাজের যৌথ উদ্যোগ জলবায়ু আলোচনা, নীতিনির্ধারণ এবং পরিকল্পনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। পাশাপাশি কার্যকর আগাম সতর্কীকরণ ব্যবস্থা চালু এবং ঝুঁকিপূর্ণ জনগণের কাছে সময়মতো তথ্য পৌঁছানো নিশ্চিত করতে হবে।

ক্লাইমেট অ্যানালিটিকস সাউথ এশিয়ার পরিচালক মণিত লাকাল বলেন, বাংলাদেশ, ভুটান এবং নেপাল একটি অভিন্ন পাহাড়-দ্বীপ জলবায়ু অঞ্চলের অংশ। দেশগুলোর জলবায়ু ঝুঁকির ধরন আলাদা হলেও সেগুলো পরস্পর সম্পর্কিত। তাই বিবিএন অঞ্চলকে সমন্বিত আঞ্চলিক অভিযোজন কেন্দ্র হিসেবে গড়ে তোলার উদ্যোগ নিতে হবে।

বাংলাদেশ ভ্রমণ

পরিবেশ অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক (পিআরএল) মো. জিয়াউল হক বলেন, এলডিসি থেকে উত্তরণ একটি দেশের উন্নয়নের অগ্রগতি নির্দেশ করে, জলবায়ু ঝুঁকির অবসান নয়। তাই জাতিসংঘের জলবায়ু পরিবর্তনবিষয়ক কাঠামো সনদের (ইউএনএফসিসিসি) প্রক্রিয়ায় অভিযোজনের অগ্রাধিকার এবং জলবায়ু অর্থায়নের মধ্যে কার্যকর সংযোগ স্থাপন করতে হবে। ভবিষ্যতের জলবায়ু ঝুঁকি এবং দেশের আর্থিক সক্ষমতা বিবেচনায় অনুদানভিত্তিক অর্থায়ন অব্যাহত রাখা জরুরি।

ক্লাইমেট অ্যাকশন নেটওয়ার্ক সাউথ এশিয়ার (ক্যানসা) প্রোগ্রাম ম্যানেজার রুচি চৌধুরী বলেন, তীব্র জলবায়ু ঝুঁকি এবং সীমিত সম্পদের মধ্যেও বাংলাদেশ, ভুটান এবং নেপাল জলবায়ু মোকাবেলায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। দেশগুলোর সরকার এবং নাগরিক সমাজকে সমন্বিতভাবে অভিযোজন কার্যক্রম এগিয়ে নিতে হবে। পাশাপাশি আন্তসীমান্ত জলবায়ু ঝুঁকি পর্যবেক্ষণ, আগাম সতর্কীকরণ, স্থানীয় পর্যায়ে অভিযোজন এবং জলবায়ু অর্থায়নে স্বচ্ছতা এবং জবাবদিহি নিশ্চিত করতে হবে।

সংবাদ সম্মেলনে কপ৩১ এবং পরবর্তী সময়ের জন্য তিনটি প্রধান দাবি তুলে ধরা হয়। এগুলো হলো, জলবায়ু ঝুঁকি বিবেচনায় অভিযোজনকে বৈশ্বিক আলোচনার অন্যতম প্রধান অগ্রাধিকার করা; এলডিসি উত্তরণের পরও পর্যাপ্ত, পূর্বানুমানযোগ্য, সহজলভ্য এবং অনুদানভিত্তিক অভিযোজন অর্থায়ন অব্যাহত রাখা এবং বাংলাদেশ, ভুটান ও নেপালের মধ্যে আঞ্চলিক সহযোগিতা জোরদার করা।

https://talashbd.com/news/1360462870170295

সারাবাংলা
sarabangla.net

এলডিসি উত্তরণের পরও জলবায়ু অর্থায়ন অব্যাহত রাখার আহ্বান বাংলাদেশের

তুরস্কের আনতালিয়া থেকে উজ্জল জিসান, স্পেশাল করেসপন্ডেন্ট
১৫ নভেম্বর ২০২৬ ১৩:৩০ | আপডেট: ১৫ নভেম্বর ২০২৬ ১৫:২৬

স্বল্পোন্নত দেশের (এলডিসি) তালিকা থেকে বেরিয়ে গেলেও জলবায়ু পরিবর্তনের ঝুঁকি কমবে না বাংলাদেশের। তাই এলডিসি উত্তরণের পরও বাংলাদেশের জন্য আন্তর্জাতিক জলবায়ু অর্থায়ন অব্যাহত রাখার আহ্বান জানিয়েছেন বিশেষজ্ঞ ও নাগরিক সমাজের প্রতিনিধিরা। একই সঙ্গে জলবায়ু ঝুঁকি বিবেচনায় ঋণের পরিবর্তে সহজ শর্তে ও অনুদানভিত্তিক অর্থায়ন নিশ্চিত করার আহ্বান জানিয়েছেন তারা।

তুরস্কের আনাতোলিয়ায় চলমান জাতিসংঘের জলবায়ু সম্মেলন কপ ৩১-এর ভেন্যুতে শনিবার (১৪ নভেম্বর) আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব আহ্বান জানানো হয়।

‘ফ্রম শেয়ারড ভালনারেবিলিটি টু রেজিলিয়েন্স ইন বিবিএন: অ্যাডভান্সিং অ্যাডাপটেশন অ্যান্ড ফাইন্যান্স প্রাইওরিটিজ অ্যাট কপ৩১’ শীর্ষক এ সংবাদ সম্মেলনের আয়োজন করে সেন্টার ফর পার্টিসিপেটরি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট (সিপিআরডি) ও ক্লাইমেট জাস্টিস অ্যালায়েন্স-বাংলাদেশ।

বিজ্ঞাপন

সংবাদ সম্মেলনে বাংলাদেশ, ভুটান ও নেপালের প্রতিনিধিরা বলেন, ভৌগোলিক ও আর্থসামাজিক অবস্থানের পার্থক্য থাকলেও জলবায়ু পরিবর্তনের কারণে তিন দেশ ঝুঁকির মুখে রয়েছে। হিমালয়ের হিমবাহ গলে যাওয়া, মৌসুমি বৃষ্টিপাতের ধরনে পরিবর্তন, আন্তঃসীমান্ত নদীর পানিপ্রবাহ, চরম আবহাওয়া, সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি ও লবণাক্ততা—এসবের প্রভাব এক দেশের গণ্ডিতে সীমাবদ্ধ থাকছে না। ফলে এসব ঝুঁকি মোকাবিলায় দেশগুলোর মধ্যে সমন্বিত উদ্যোগ প্রয়োজন।

সংবাদ সম্মেলনে সভাপতিত্ব ও সঞ্চালনা করেন সিপিআরডির প্রধান নির্বাহী মো. শামসুদ্দোহা।

তিনি বলেন, ‘এলডিসি থেকে উত্তরণ মানে জলবায়ু ঝুঁকি থেকে উত্তরণ নয়। এলডিসি তালিকা থেকে বেরিয়ে গেলে আন্তর্জাতিক অর্থায়নের কিছু সুযোগ সীমিত হয়ে আসবে। এতে অভিযোজন কার্যক্রম চালিয়ে যাওয়ার ক্ষেত্রে দেশগুলো চাপে পড়তে পারে।’

শামসুদ্দোহা বলেন, ‘এলডিসি মর্যাদা থেকে উত্তরণ মানে জলবায়ু ঝুঁকি থেকে উত্তরণ নয়। এলডিসি থেকে বেরিয়ে গেলে অর্থায়নের সুযোগ সীমিত হবে। আমাদের মূল উদ্বেগ হলো, এলডিসি থেকে উত্তরণের পরও দেশগুলোর অভিযোজন কার্যক্রমে সহায়তা অব্যাহত রাখতে হবে।’

এলডিসি সাপোর্ট টিমের প্রধান ও ক্লাইমেট অ্যানালিটিকস সাউথ এশিয়ার পরিচালক মনজিৎ ধকল বলেন, হিমালয়, অভিন্ন পানিব্যবস্থা ও নদী অববাহিকার কারণে বাংলাদেশ, ভুটান ও নেপাল একটি আন্তসংযুক্ত জলবায়ু অঞ্চলের অংশ। একটি দেশে ঘটে যাওয়া ঘটনা অন্য দেশকেও প্রভাবিত করে। তাই জলবায়ু পরিবর্তন মোকাবিলায় তিন দেশের একসঙ্গে কাজ করা জরুরি।

তিনি বলেন, জলবায়ু অভিযোজনের ক্ষেত্রে বাংলাদেশ বিশ্বের জন্য একটি শিক্ষণীয় উদাহরণ। বন সংরক্ষণ ও নিট জিরো অর্জনের ক্ষেত্রেও এ অঞ্চলের অভিজ্ঞতা থেকে অন্য দেশগুলো শিখতে পারে।

সংবাদ সম্মেলনে মূল প্রবন্ধ উপস্থাপন করেন সিপিআরডির গবেষণা ও অ্যাডভোকেসি কর্মসূচির ব্যবস্থাপক শেখ নূর আতায়া রাব্বি। তিনি কপ ৩১-এ বাংলাদেশ, ভুটান ও নেপালের জন্য সমন্বিত অভিযোজন ও জলবায়ু অর্থায়নবিষয়ক কর্মসূচি এগিয়ে নেওয়ার ওপর গুরুত্ব দেন।

অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) যুগ্ম সচিব শাহ আবদুল সাদী বলেন, জলবায়ু পরিবর্তনের কারণে আবহাওয়াসংক্রান্ত দুর্যোগের ঘটনা আরও ঘন ঘন ঘটছে। এসব দুর্যোগের তীব্রতা, স্থায়িত্ব ও অনিশ্চয়তাও বাড়ছে। এ পরিস্থিতিতে নাগরিক সমাজের সংগঠনগুলোকে সীমান্তের বাইরে গিয়ে যৌথভাবে কাজ করতে হবে।

তিনি বলেন, ‘তিন দেশের ঝুঁকি অভিন্ন, তাই দায়িত্বও ভাগাভাগি করে নিতে হবে। সহজ শর্তে অর্থায়নের সুযোগ সীমিত হয়ে আসবে। অন্যদিকে ঋণ পরিশোধের চাপও বাজেটের ওপর প্রভাব ফেলছে। সম্পদ কীভাবে বরাদ্দ করা হবে, তা প্রভাবিত করতে নাগরিক সমাজের সংগঠনগুলোকে সম্মিলিতভাবে কাজ করতে হবে।’

পরিবেশ অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক (পিআরএল) মো. জিয়াউল হক বলেন, এলডিসি উত্তরণ বাংলাদেশের উন্নয়নের অগ্রগতির প্রতিফলন। কিন্তু এর অর্থ এই নয় যে জলবায়ু পরিবর্তনের ঝুঁকি কমে গেছে। তাই দেশের প্রকৃত ও ভবিষ্যৎ ঝুঁকি এবং আর্থিক সক্ষমতা বিবেচনায় অভিযোজন কার্যক্রমের জন্য অনুদানভিত্তিক অর্থায়ন অব্যাহত রাখতে হবে।

তিনি বলেন, ২০২৪ সালে বাংলাদেশ এ ধরনের আঞ্চলিক জোট গঠনের প্রস্তাব দিয়েছিল। গত দুই বছরে তিন দেশ যৌথভাবে বিভিন্ন প্রস্তাবও দিয়েছে। উজানের কোনো দেশে দুর্যোগ হলে তার সরাসরি প্রভাব ভাটির দেশ বাংলাদেশের ওপর পড়তে পারে। ক্ষয়ক্ষতি মোকাবিলা ও অভিযোজন সক্ষমতা বাড়াতে এ উদ্যোগে আন্তর্জাতিক সহায়তা বাড়ানো প্রয়োজন।

ক্লাইমেট অ্যাকশন নেটওয়ার্ক সাউথ এশিয়ার কর্মসূচি ব্যবস্থাপক রুচি চৌধুরী বলেন, এলডিসি থেকে উত্তরণের পরও দেশগুলোর জলবায়ু ঝুঁকি থেকে যায়। ভুটানে হিমবাহ গলছে, নেপালে আবহাওয়া অনিশ্চিত হয়ে উঠছে এবং বাংলাদেশে ঘূর্ণিঝড় মানুষের জীবন ও জীবিকার জন্য হুমকি তৈরি করছে। অথচ এলডিসি উত্তরণের ফলে সহজ শর্তে অর্থায়নের সুযোগ কমে যেতে পারে।

তিনি বলেন, উন্নত দেশগুলোকে পর্যাপ্ত, পূর্বানুমানযোগ্য ও অনুদানভিত্তিক অভিযোজন অর্থায়ন দিতে হবে। কোনো দেশের মোট দেশজ উৎপাদন (জিডিপি) বা এলডিসি পরিচয় দিয়ে তার জলবায়ু ঝুঁকি ও মানুষের সুরক্ষায় প্রয়োজনীয় অর্থের পরিমাণ নির্ধারণ করা যায় না। অর্থায়ন স্থানীয় সরকার ও ঝুঁকিতে থাকা জনগোষ্ঠীর কাছে পৌঁছানোও নিশ্চিত করতে হবে।

রুচি চৌধুরী আরও বলেন, 'জলবায়ু ন্যায়বিচারের কোনো মেয়াদোত্তীর্ণ তারিখ থাকতে পারে না। বাংলাদেশ, ভুটান ও নেপাল দয়া নয়, ন্যায্যতা ও প্রয়োজনীয় সম্পদ চাইছে।'

সংবাদ সম্মেলনে তিনটি বিষয়ে বিশেষ গুরুত্ব দেওয়া হয়। এগুলো হলো-জলবায়ু অভিযোজনের ক্ষেত্রে দেশের প্রকৃত ঝুঁকি, ন্যায্যতা ও মানবাধিকারের বিষয়গুলোকে অগ্রাধিকার দেওয়া; এলডিসি উত্তরণের পরও পর্যাপ্ত, পূর্বানুমানযোগ্য ও অনুদানভিত্তিক জলবায়ু অর্থায়ন নিশ্চিত করা; এবং বাংলাদেশ, ভুটান ও নেপালের মধ্যে আগাম সতর্কীকরণ ব্যবস্থা, স্থানীয় পর্যায়ে অভিযোজন ও অর্থায়নের স্বচ্ছতা নিশ্চিতে সমন্বিত উদ্যোগ জোরদার করা।

সংবাদ সম্মেলনে বক্তারা বলেন, উন্নয়নের অগ্রগতি যেন জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় প্রয়োজনীয় আন্তর্জাতিক সহায়তা পাওয়ার ক্ষেত্রে বাধা হয়ে না দাঁড়ায়। জলবায়ু ঝুঁকির বাস্তবতা বিবেচনায় নিয়ে এলডিসি পরিচয়ের বাইরে গিয়েও অভিযোজন অর্থায়ন নিশ্চিত করতে হবে। এ জন্য তিন দেশের সরকার, নাগরিক সমাজ ও আন্তর্জাতিক অংশীদারদের সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানান তারা।

https://sarabangla.net/news/national/post-1220617/